# কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ

বিএমএ ভবন, কলাতলী রোড, কক্সবাজার।
www.coxda.gov.bd

স্মারক নং- ২৫.৪৭.২২০০.০০০.০৫.০০৩.১৯/ ১০৮

তারিখ : ১৫ মার্চ, ২০২০
০১ চৈত্র, ১৪২৬

বিষয় : **২০১৯-২০২০ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা অনুযায়ী শুদ্ধাচার পুরস্কার প্রদান।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর ১০.১ অনুচ্ছেদে দপ্তর/সংস্থায় শুদ্ধাচার পুরস্কার প্রদানের নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে ১৫ মার্চ, ২০২০ তারিখ শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা প্রণয়নের নিমিত্ত গঠিত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত নিম্নরূপ:

**আন্তরিকতা, সততা, নিষ্ঠা ও দক্ষতার সহিত দায়িত্ব ও কতর্ব্য পালনের মাধ্যমে অত্র দপ্তরকে একটি দুর্নীতিমুক্ত সহজসেবামূলক প্রতিষ্ঠান হিসেবে বাস্তবায়ন করায় অত্র দপ্তরের চেয়ারম্যান লে: কর্নেল (অব:) ফোরকান আহমদকে শুদ্ধাচার পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।**

এমতাবস্থায় শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতির জন্য নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হলো।

১৫/৩/২০২০
আবু জাফর রাশেদ
সচিব (উপ সচিব)
কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ
দুরালাপনী : ০৩৪১-৫২৭২১

সচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[দৃ: আ: উপসচিব, উন্নয়ন অধিশাখা-৯]

# কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ

বিএমএ ভবন, কলাতলী রোড, কক্সবাজার।
www.coxda.gov.bd

স্মারক নং- ২৫.৪৭.২২০০.০০০.০৫.০০৩.১৯/ ১০৭

তারিখ : ১৫ মার্চ, ২০২০
০১ চৈত্র, ১৪২৬

বিষয়: **২০১৯-২০২০ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা অনুযায়ী শুদ্ধাচার পুরস্কার প্রদান।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৫ মার্চ, ২০২০ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় অনুষ্ঠিত এ দপ্তরের ২০১৯-২০২০ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়নের নিমিত্ত গঠিত নৈতিকতা কমিটির সভার সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

**আন্তরিকতা, সততা, নিষ্ঠা ও দক্ষতার সহিত দায়িত্ব ও কতর্ব্য পালনের মাধ্যমে অত্র দপ্তরকে একটি দুর্নীতিমুক্ত সহজসেবামূলক প্রতিষ্ঠান হিসেবে বাস্তবায়ন করার জন্য অত্র দপ্তরের চেয়ারম্যান লে: কর্নেল (অব:) ফোরকান আহমদ, এলডিএমসি, পিএসসি কে ২০১৯-২০২০ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কারে ভূষিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

১৫।৩।২০২০

আবু জাফর রাশেদ
সচিব (উপ সচিব)
ও
সদস্য সচিব
নৈতিকতা কমিটি
কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ
দুরালাপনী : ০৩৪১-৫২৭২১

লে: কর্নেল (অব:) ফোরকান আহমদ
চেয়ারম্যান
কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ।

**অনুলিপি: সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো-**

০১। লে: কর্নেল মোহাম্মদ আনোয়ার উল ইসলাম, সদস্য (প্রকৌশল), কউক ও সভাপতি, নৈতিকতা কমিটি।
০২। জনাব মো: জাহাঙ্গীর আলি, উপনগর পরিকল্পনাবিদ, কউক ও সদস্য, নৈতিকতা কমিটি।
০৩। জনাব মো: ইমতিয়াজুল হক, উপসহকারী প্রকৌশলী কউক ও সদস্য, নৈতিকতা কমিটি।
০৪। অফিস কপি/মাস্টার ফাইল।

# কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ

বিএমএ ভবন, কলাতলী রোড, কক্সবাজার।
www.coxda.gov.bd

স্মারক নং- ২৫.৪৭.২২০০.০০০.০৫.০০৩.১৯/১০২

তারিখ : ১৫ মার্চ, ২০২০ / ০১ চৈত্র, ১৪২৬

**২০১৯-২০২০ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়নের নিমিত্ত গঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | লে: কর্নেল মোহাম্মদ আনোয়ার উল ইসলাম<br>সদস্য (প্রকৌশল), কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ। |
| স্থান | : | কউক সভাকক্ষ; |
| তারিখ | : | ১৫ মার্চ, ২০২০ |
| সময় | : | সকাল ১০.৩০ টা। |
| উপস্থিতি | : | উপস্থিত সদস্যগণের নামের তালিকা ''পরিশিষ্ট-ক'' হিসেবে সংযুক্ত করা হলো। |

সভাপতি সভার শুরুতে নৈতিকতা কমিটির সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে বক্তব্য রাখেন । তিনি বলেন, বিগত ১৬ আগস্ট, ২০১৬ খ্রিঃ হতে এ প্রতিষ্ঠানের অগ্রযাত্রা শুরু হয়। তিনি প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে বক্তব্য রাখতে গিয়ে বলেন, কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ একটি দুর্নীতিমুক্ত, সহজ সেবামূলক ও স্বচ্ছ কার্যকরী প্রতিষ্ঠান হিসেবে এ পর্যন্ত চলে এসেছে । ইহা অত্র দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীদের আন্তরিকতা, সততা ও নিষ্ঠার সহিত দায়িত্ব ও কতর্ব্য পালনের ফলস্বরূপ। আগামী দিনগুলিতেও সকলের ন্যায়-নিষ্ঠা ও একান্ত সহযোগিতার প্রয়োজন।

কমিটির সদস্য সচিব জানান, দুর্নীতিরোধ, জনগণের কাছে সহজভাবে সেবা পৌঁছে দেয়ার জন্য সরকার আপ্রাণ চেষ্টা চালিয়ে যাচ্ছে এবং এতদ্উদ্দেশ্য বাস্তবায়নের জন্য সরকারের কর্মচারিদেরকে ভাল কাজে উদ্বুদ্ধ করার জন্য শুদ্ধাচার পুরস্কার প্রদান পদ্ধতি চালু করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত উক্ত শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালায় মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের ১ম হতে ১০ম গ্রেড পর্যন্ত কর্মরত কর্মচারির মধ্য হতে ০১ (এক).জন এবং ১১তম গ্রেড হতে ২০তম গ্রেডে কর্মরত কর্মচারিদের মধ্য হতে ০১ (এক) জনকে শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিধান রয়েছে।

এক্ষেত্রে কমিটির সভাপতি বলেন, আন্তরিকতা, সততা ও নিষ্ঠার সহিত দায়িত্ব ও কতর্ব্য পালনের মাধ্যমে অত্র দপ্তরকে একটি দুর্নীতিমুক্ত সহজসেবামূলক প্রতিষ্ঠান হিসেবে বাস্তবায়ন করার জন্য অত্র দপ্তরের চেয়ারম্যান লে: কর্নেল (অব:) ফোরকান আহমদ, এলডিএমসি, পিএসসি মহোদয়কে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা সমীচীন। এছাড়া অত্র দপ্তরের জনবল নিয়োগের কার্যক্রম প্রক্রিয়াধীন থাকায় এবং ১১তম গ্রেড হতে ২০ তম গ্রেডে জনবল না থাকায় পরবর্তীতে জনবল নিয়োগ সাপেক্ষে উক্ত গ্রেডে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য মতামত ব্যক্ত করেন।

**কমিটির সদস্যদের বিস্তারিত আলোচনায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।**

**সিদ্ধান্ত :**

১। ১ম গ্রেড হতে ১০তম গ্রেডে অত্র দপ্তরের চেয়ারম্যান লে: কর্নেল (অব:) ফোরকান আহমদ, এলডিএমসি, পিএসসি মহোদয়কে শুদ্ধাচার পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

২। ১১তম গ্রেড হতে ২০তম গ্রেডে জনবল না থাকায় পরবর্তীতে অত্র দপ্তরে জনবল নিয়োগ সাপেক্ষে উক্ত গ্রেডে শুদ্ধাচার পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

লে: কর্নেল মোহাম্মদ আনোয়ার উল ইসলাম
সদস্য (প্রকৌশল)
কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ
ও
সভাপতি
নৈতিকতা কমিটি

স্মারক নং- ২৫.৪৭.২২০০.০০০.০৫.০০৩.১৯/ তারিখ : ১৫ মার্চ, ২০২০ / ০১ চৈত্র, ১৪২৬

অনুলিপি: সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো-

১। লে: কর্নেল মোহাম্মদ আনোয়ার উল ইসলাম, সদস্য (প্রকৌশল), কউক ও সভাপতি, নৈতিকতা কমিটি। (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। জনাব মো: জাহাঙ্গীর আলি, উপনগর পরিকল্পনাবিদ, কউক ও সদস্য, নৈতিকতা কমিটি।
৩। জনাব মো: ইমতিয়াজুল হক, উপসহকারী প্রকৌশলী, কউক ও সদস্য, নৈতিকতা কমিটি।
৪। পিএ টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। অফিস কপি/মাস্টার ফাইল।

১৫/৩/২০২০

আবু জাফর রাশেদ
সচিব (উপ সচিব)
কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ
ও
সদস্য সচিব
নৈতিকতা কমিটি